

ADD (Lump)
ADD (PP)
R/1/10/10/20

বার্ষিক নং- ২০৭	তারিখ- ২২/১১/২৩
ডিভিও/এডিডি (সংসদ)	জরুরী
এডিডি (খিলসা/নড়াইল/উদয়না)	আওত জরুরী
প্রঃ সঃ/সঃ/সঃ/সঃ/সঃ/সঃ/সঃ/সঃ	অন্যান্য
কার্যক্রম/সংক্রমণ	
কৃষি সমৃদ্ধি	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।

স্মারক নং - ৩২(৭)

তারিখ : ০৪/০১/২০২৩ খ্রিঃ

বরাবর

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ নড়াইল।

বিষয় : ঘন কুয়াশার প্রকোপ থেকে বোরো বীজতলার চারা রক্ষায় বিশেষ করণীয় সম্পর্কে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৩/০১/২০২৩ তারিখ থেকে খুলনা অঞ্চলে মাঝারি থেকে ভারি কুয়াশা বিস্তার শুরু হয়েছে। ০৪/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে ১০/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ঘন কুয়াশা বিরাজ করবে এবং ঠান্ডা বাতাসও প্রবাহিত হওয়ার সম্ভাবনা খুবই বেশি বলে বিশেষ কৃষি আবহাওয়া বার্তার মাধ্যমে জানা যায়। চলতি মৌসুমে বোরো বীজতলা অর্জিত হয়েছে খুলনা জেলায় ৩৭২০ হেঃ, বাগেরহাটে ৩৮৩৬ হেঃ, সাতক্ষীরায় ৩৮১৯ হেঃ ও নড়াইল এ ২৬৩৫ হেঃ অঞ্চলে মোট ১৪০১০ হেঃ (১০৭%)। বর্তমানে অঞ্চলের ৪টি জেলায় বোরো আবাদ শুরু হয়েছে। চলতি বোরো আবাদ নির্বিঘ্ন করতে উক্ত সময় ঘন কুয়াশার কবল থেকে বীজতলার চারা রক্ষা করার জন্য কৃষকদের পাশে থেকে সার্বক্ষণিক পরামর্শ দেয়ার জন্য জরুরী ভিত্তিতে নিম্ন লিখিত পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে মাঠ পর্যায়ের সকলকে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

করণীয় :

- ১। কুয়াশা ও তীব্র শীতের এ অবস্থায় বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- ২। স্বচ্ছ পলিথিনের ছাউনি দিয়ে বীজতলা সারাদিন রাত ঢেকে রাখতে হবে তবে খেয়াল রাখতে হবে যে, পলিথিনের সাথে চারার পাতা যেন স্পর্শ না করে।
- ৩। প্রতি ১০ লিটার পানিতে ৭০-৮০ গ্রাম থিওডিট অথবা কমলাস ভাল ভাবে মিশিয়ে ৪-৫ শতাংশ বীজতলায় স্প্রে করা যেতে পারে।
- ৪। এ সময় বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে ঢেকে দিলে, বীজতলায় পানি সকালে বের করে দিয়ে আবার নতুন পানি দিলে, প্রতিদিন সকালে চারার উপর জমাকৃত শিশির বারিয়ে দিলে চারা ঠান্ডার প্রকোপ থেকে রক্ষা পায় এবং স্বাভাবিকভাবে বাড়তে পারে।

০৪/০১/২০২৩
(মোঃ ফরিদুল হাসান)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

বাগেরহাট।

www.dae.bagerhat.gov.bd

স্মারক নং : ১৬৭

অনুলিপি কার্যার্থে :

- ১। উপজেলা কৃষি অফিসার, (সকল), -----, বাগেরহাট।

পত্রের নির্দেশনা মোতাবেক যথা সময়ে যথ গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

তারিখ :- ১৫-০১-২০২৩ খ্রিঃ।

HKabin 15/1/23
উপপরিচালক

ফোন-০২৪৭৭৭৫১৫৪৯

ই-মেইল: ddbagerhat@dae.gov.bd